৮২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম
আইসিটি শাখা
www.kurigram.gov.bd

**মে ২০২৩ মাসের জেলা ইনোভেশন টিম এর সভার কার্যবিবরণীঃ**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোঃ মিনহাজুল ইসলাম<br>অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)<br>কুড়িগ্রাম। |
| সভার তারিখ | : | ২১-০৫-২০২৩ খ্রি. |
| সভার সময় | : | বেলা- ১২:২০ টা। |
| সভার স্থান | : | অতিরিক্ত জেলা প্রশাসক(সার্বিক),মহোদয়ের কক্ষ, কুড়িগ্রাম। |
| সভায় উপস্থিতি | : | পরিশিষ্ট- “ক” (স্বাক্ষরের ক্রমানুসারে) |

উপস্থিত সদস্যগণকে শুভেচ্ছা জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন। নিজ নিজ অধিক্ষেত্রে ইনোভেশন কার্যক্রম গ্রহণ ও তা বাস্তবায়নে সভাপতি দিকনির্দেশনামূলক বক্তব্য প্রদান করেন এবং আলোচ্যসূচি পেশ করার জন্য সহকারী কমিশনার (আইসিটি), কুড়িগ্রামকে অনুরোধ করেন। অত:পর গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা করার পর নিম্নোক্ত এজেন্ডাভিত্তিক আলোচনা অনুষ্ঠিত হয় এবং সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১। | **জেলা ও উপজেলা ইনোভেশন টিমের পুনর্গঠন সম্পর্কে আলোচনাঃ**<br>মন্ত্রিপরিষদ বিভাগের প্রজ্ঞাপন মোতাবেক জেলা ইনোভেশন টিম ইতোমধ্যে পুনর্গঠন করা হয়েছে। সভাপতি যে সকল উপজেলা ইনোভেশন টিমের হালনাগাদ তথ্য পাওয়া যায়নি তাদের দ্রুততম সময়ের মধ্যে এ কার্যালয়ে প্রেরণ করার জন্য সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার, কুড়িগ্রামকে অনুরোধ করেন। | মন্ত্রিপরিষদ বিভাগের ৮ এপ্রিল ২০১৩ তারিখের প্রজ্ঞাপনের নির্দেশনা মোতাবেক উপজেলা ইনোভেশন টিম পুর্নগঠনপূর্বক দ্রুত এ কার্যালয়কে অবহিত করতে হবে। | উপজেলা ইনোভেশন অফিসার (সকল), কুড়িগ্রাম। |
| ২। | **স্মার্ট কুড়িগ্রাম-২০৪১:**<br>মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত স্মার্ট বাংলাদেশ ও ভিশন ২০৪১ সম্পর্কে গৃহীত কর্মপরিকল্পনা বিষয়ে সভায় আলোচনা হয়। স্মার্ট কুড়িগ্রাম বিনির্মাণে এ জেলার সকল সরকারি-বেসরকারি দপ্তরকে সেবাপ্রদানে স্মার্ট ও ডিজিটাল ধারণার প্রবর্তন করার অনুরোধ জানানো হয়। | সকল দপ্তরের বিভিন্ন সভা সেমিনারে স্মার্ট বাংলাদেশ ও ভিশন ২০৪১ সম্পর্কে আলোচনা করতে হবে এবং স্মার্ট ও ডিজিটাল ধারণার প্রবর্তন করতে হবে। | সরকারি-বেসরকারি দপ্তর/সংস্থা প্রধান (সকল), কুড়িগ্রাম |
| ৩। | **উপজেলা ইনোভেশন টিমের সভা সম্পর্কে আলোচনাঃ**<br>উপজেলা ইনোভেশন টিমের সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের অগ্রগতি পর্যালোচনা করা হয়। উপজেলা ইনোভেশন টিমের মাসিক সভাকে আরও কার্যকর ও গতিশীল করার ব্যাপারে আলোচনা করা হয়। প্রতিমাসে উপজেলা ইনোভেশন টিমের সভা করে নতুন ইনোভেশন প্রস্তাব/ আইডিয়া গ্রহণ করতে সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। সভাপতি প্রতিটি উপজেলা হতে ইনোভেশন প্রস্তাব আহবান করেন। জেলা ইনোভেশন টিমের সভার এক সপ্তাহ পূর্বে উপজেলা ইনোভেশন টিমের সভা নিয়মিত অনুষ্ঠানপূর্বক উপজেলা ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী ওয়েব পোর্টালে আপলোড এবং পরবর্তী মাসের ৭ তারিখের মধ্যে এ কার্যালয়ে প্রেরণ করার জন্য পুনরায় অনুরোধ করেন। | ১। প্রতিমাসে উপজেলা ইনোভেশন টিমের সভা করে সভার কার্যবিবরণী স্ব স্ব ওয়েব পোর্টালে আপলোড এবং পরবর্তী মাসের ৭ তারিখের মধ্যে এ কার্যালয়ে আবশ্যিকভাবে প্রেরণ করতে হবে।<br>২। উপজেলা থেকে ইনোভেশন প্রস্তাব প্রেরণ করতে হবে। | ১) উপজেলা ইনোভেশন অফিসার (সকল), কুড়িগ্রাম<br><br>২)সহকারী কমিশনার(আইসিটি) কুড়িগ্রাম |

| | | | |
|---|---|---|---|
| ৪। | **উদ্ভাবন সহায়ক পরিবেশ তৈরি সম্পর্কে আলোচনাঃ**<br>প্রতিটি সরকারি দপ্তরে নিজ অধিক্ষেত্রে উদ্ভাবন সহায়ক পরিবেশ তৈরির উপর গুরুত্বারোপ করে সভাপতি জানান, নিজ দপ্তরে নিয়োজিত জনবলের সচেতনতা ও দক্ষতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ, সেমিনারসহ অন্য দপ্তরের উদ্ভাবনী উদ্যোগ পরিদর্শনের ব্যবস্থা করতে হবে। এতে মানসিকতার পরিবর্তন সাধিত হবে এবং নতুন উদ্ভাবনী উদ্যোগ বৃদ্ধি পাবে। | উদ্ভাবন সহায়ক পরিবেশ তৈরি করতে হবে। | সংশ্লিষ্ট দপ্তর প্রধান (সকল), কুড়িগ্রাম। |
| ৫। | **সেবা প্রদানে ইনোভেটিভ আইডিয়া এর কার্যক্রম সম্পর্কে আলোচনাঃ**<br>মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ঘোষিত স্মার্ট বাংলাদেশ বিনির্মাণের অংশ হিসেবে নাগরিক সেবা সহজীকরণের জন্য ইনোভেশন কার্যক্রমকে আরও গতিশীল করার লক্ষ্যে জেলা ও উপজেলা পর্যায়ে বিভিন্ন বেসরকারি প্রতিষ্ঠান ও এনজিওসমূহে ইনোভেটিভ আইডিয়া আছে যা স্বল্প যাতায়াত, সময় ও খরচে সম্পন্ন হয় তা নিয়ে সভায় আলোচনা করা হয়। ইনোভেশন কার্যক্রম আরও গতিশীল করার বিষয়ে গুরুত্বারোপ করে জেলায় বাস্তবায়নাধীন ইনোভেশন প্রকল্পগুলো সফলভাবে এগিয়ে নিতে সকল দপ্তর প্রধানগণকে সক্রিয়ভাবে কাজ করার জন্য সভাপতি অনুরোধ করেন। সভাপতি জানান সমবেত বা সমবায়ভিত্তিক প্রয়াস যে কোন সফলতার মাত্রাকে বহুগুণে বর্ধিত করে। তৃণমূল পর্যায় থেকেই মূল উদ্ভাবন সূচিত হয়। আর সেক্ষেত্রে সাফল্যের সম্ভাবনাও থাকে অনেক বেশি। এই লক্ষ্যে প্রত্যেক দপ্তরকে নতুন নতুন ইনোভেটিভ আইডিয়া গ্রহণপূর্বক এটুআই ও মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণপূর্বক সংশ্লিষ্ট অফিসে বাস্তবায়ন বিষয়ে আলোচনা করা হয়। | ১) জেলা ও উপজেলা পর্যায়ে বিভিন্ন বেসরকারি প্রতিষ্ঠান, এনজিওসমূহ ও জেলা পর্যায়ের সকল দপ্তর/বিভাগ, উপজেলা নির্বাহী অফিসারদের নতুন ইনোভেটিভ আইডিয়া গ্রহণ করে এ কার্যালয়ে প্রেরণ করতে হবে।<br><br>২) জেলার অন্যান্য সকল সরকারি দপ্তরকে ইনোভেটিভ উদ্যোগ গ্রহণ করতে হবে। | ১) জেলা ইনোভেশন অফিসার, কুড়িগ্রাম।<br><br>২) জেলার সংশ্লিষ্ট সকল সরকারি দপ্তর প্রধান। |
| ৬। | **জেলা ও উপজেলা ওয়েব পোর্টাল সম্পর্কে আলোচনাঃ**<br>জনগণ যাতে সঠিক তথ্য ওয়েব পোর্টাল হতে সংগ্রহ করতে পারে সে লক্ষ্যে সভায় জেলা, উপজেলা ও ইউনিয়ন ওয়েব পোর্টালে বাংলা ও ইংরেজি উভয় ভাষাতেই তথ্য সংযোজন ও নিয়মিত হালনাগাদকরণ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। সহকারী কমিশনার (আইসিটি) কুড়িগ্রাম সভায় অবহিত করেন যে, ওয়েব পোর্টাল হালনাগাদকরণ একটি চলমান প্রক্রিয়া। এটি সবসময় হালনাগাদ করা প্রয়োজন। ওয়েব পোর্টাল হালনাগাদকরণের জন্য সংশ্লিষ্ট অফিসে ইউজার আইডি ও পাসওয়ার্ড সংরক্ষিত রয়েছে। এমতাবস্থায় প্রত্যেক দপ্তরের ইউজার আইডি ও পাসওয়ার্ড সংরক্ষণ করাসহ হ্যাকিং রোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করেন। ওয়েব পোর্টালসমূহকে নিয়মিতভাবে মানসম্মত তথ্য দ্বারা হালনাগাদের জন্য মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়, মন্ত্রিপরিষদ বিভাগ ও অন্যান্য উর্ধ্বতন দপ্তর হতে নিয়মিত তাগিদ প্রদান করা হচ্ছে। সভাপতি জেলার সকল সরকারি বিভাগ/ দপ্তরের স্ব স্ব তথ্য বাতায়ন হালনাগাদকরণের বিষয়ে গুরুত্বারোপ করেন এবং তথ্য বাতায়নের লিংকসমূহে সংশ্লিষ্ট অফিসের কর্মকর্তা-কর্মচারীগণকে বিভিন্ন চিঠিপত্র, সভার কার্যবিবরণী, হেল্পলাইন, বাৎসরিক কর্মপরিকল্পনা ইত্যাদিসহ অন্যান্য পর্যাপ্ত তথ্য নিয়মিত আপলোড করে হালনাগাদকরণের নির্দেশনা প্রদান করেন। | ১) জেলা, উপজেলা ও ইউনিয়ন পোর্টালে পর্যাপ্ত তথ্য বাংলা ও ইংরেজি উভয় ভাষাতেই হালনাগাদ করতে হবে।<br><br>২) জেলার সকল সরকারি দপ্তরকে তার নিজ নিজ পোর্টাল হালনাগাদ রাখতে হবে।<br><br>৩) জেলা ও উপজেলা পর্যায়ের সকল সরকারি বিভাগ/দপ্তরের বিভিন্ন ধরনের তথ্য স্ব স্ব তথ্য বাতায়নে হালনাগাদকরণের পদক্ষেপ গ্রহণ করতে হবে। | ১। জেলা ও উপজেলা ওয়েব পোর্টাল এর ফোকাল পয়েন্ট কর্মকর্তা<br><br>২। উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রাম।<br><br>৩।সহকারী কমিশনার(আইসিটি) কুড়িগ্রাম।<br><br>৪। সংশ্লিষ্ট সকল, কুড়িগ্রাম। |

| | | | |
|---|---|---|---|
| ৭। | **বিবিধঃ**<br>১। কোন কর্মকর্তার বদলি বা অন্য কোন কারণে কর্মস্থল পরিবর্তন হলে তার তত্ত্বধানে বাস্তবায়নাধীন উদ্যোগটি সমাপ্তির ধারাবাহিক কার্যক্রম অব্যাহত রাখতে সংশ্লিষ্ট সকলকে পরামর্শ প্রদান করা হয়।<br>২। স্বীয় অধিক্ষেত্রে উদ্ভাবন চর্চার ক্ষেত্রে অন্য দপ্তরের সাথে পার্টনারশিপ ও নেটওয়ার্কিংয়ের মাধ্যমে উদ্ভাবনী চর্চা বিনিময়ের উপর সভাপতি গুরুত্বারোপ করেন। পার্টনারশিপ ও নেটওয়ার্কিংয়ের মাধ্যমে উদ্ভাবনী উদ্যোগকে কাজে লাগানোর জন্য সভাপতি সংশ্লিষ্ট দপ্তর প্রধানগণকে অনুরোধ করেন।<br>৩। জেলা প্রশাসকের কার্যালয়ে স্থাপিত ‘জেলা ব্র্যান্ডিং কর্ণার’, উপজেলা ব্র্যান্ডিং কর্ণার, জেলা মুক্তিযোদ্ধাদের জন্য ‘বীরগাথাঁ’, সড়ক দুর্ঘটনা প্রতিরোধের স্বপ্ন নিয়ে জেলা প্রশাসন কুড়িগ্রামের ‘জয়যাত্রা’, সার্কিট হাউজ ডিজিটাইজেশন, আশ্রয়ণ টিউটোরিয়াল, চিলমারী চরাঞ্চলের ‘শিক্ষাতরী’, সোনাহাট ভূমি বোটানিক্যাল গার্ডেন এবং জনবান্ধব অভ্যর্থনা ও সেবা কেন্দ্র স্মার্ট মিটিং ম্যানেজমেন্ট, লিটল ফ্রি লাইব্রেরী, স্মার্ট মৎস্যসেবা এর মতো সৃজনশীল উদ্ভাবনী উদ্যোগগুলো যাতে দেশের অন্য জেলায় অনুসৃত হতে পারে সে লক্ষ্যে উদ্যোগগুলো আরও গণমুখী ও জনবান্ধব করতে কর্মপরিকল্পনা প্রণয়ন করার জন্য অনুরোধ করেন। | ১) উদ্ভাবনী ধারণায় সোশ্যাল মিডিয়ার ব্যবহার বৃদ্ধি করতে হবে।<br><br>২) উদ্ভাবনীর জন্য পার্টনারশীপ ও নেটওয়ার্কিং এর উদ্যোগ গ্রহণ করতে হবে।<br><br>৩) বাস্তবায়িত / বাস্তবায়নাধীন সৃজনশীল উদ্যোগগুলো আরো গণমুখী ও জনবান্ধব করার জন্য কর্মপরিকল্পনা প্রণয়ন করতে হবে। | ১) জেলা ও উপজেলা পর্যায়ের কর্মকর্তা, কুড়িগ্রাম।<br>২)সকল দপ্তর প্রধান, কুড়িগ্রাম।<br>৩) সংশ্লিষ্ট সকল কর্মকর্তা, কুড়িগ্রাম। |

আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি এ জেলার বিভিন্ন দপ্তরের কাজের গতিশীলতা বৃদ্ধির লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত পরিপত্রের বিধান অনুসরণের পাশাপাশি নতুন কর্মপরিকল্পনা গ্রহণের উদ্যোগ নেওয়ার অনুরোধ জানান। একইসাথে ইনোভেটিভ আইডিয়া নিয়ে জনমুখী সেবাকে আরও গতিশীল করার সর্বাত্মক প্রচেষ্টা গ্রহণের অনুরোধ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ মিনহাজুল ইসলাম
(উপসচিব)
অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), কুড়িগ্রাম
ও
সভাপতি
জেলা ইনোভেশন টিম।
ই-মেইলঃ adcgkurigram@mopa.gov.com

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
কুড়িগ্রাম
আইসিটি শাখা
www.kurigram.gov.bd

স্মারক নং-০৫.৪৭.৪৯০০.০২৬.০৩.০০৭.১৮.৭৫

তারিখঃ ১৭ জ্যৈষ্ঠ, ১৪৩০
৩১ মে, ২০২৩

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
৩। জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
৪। উপজেলা নির্বাহী অফিসার ........................................................ (সকল),কুড়িগ্রাম (তাঁকে উপজেলাস্থ সকল দপ্তর/বিভাগকে অবহিতকরণের অনুরোধ করা হলো)।
৫। ............................................................
............................................................

০১.০৬.২৩
রেদওয়ান ইসলাম
সহকারী কমিশনার (আইসিটি)
ফোনঃ ০২৫৮৯৯-৫০০৪০
ই-মেইলঃ acictkurigram@mopa.gov.bd